

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



PRESS RELEASE

AMBASSADOR MORIARTY CONGRATULATES DR. MUHAMMAD YUNUS FOR WINNING THE PRESIDENTIAL MEDAL OF FREEDOM

DHAKA, AUGUST 9 -- U.S. Ambassador James F. Moriarty met with Dr. Muhammad Yunus at Dr. Yunus' Grameen Bank offices in Dhaka today. The Ambassador congratulated Dr. Yunus for his selection as a U.S. Presidential Medal of Freedom recipient. On July 30, President Barack Obama announced that Dr. Yunus was one of 16 recipients for this award, which is America's highest civilian honor. The Medal of Freedom is awarded to individuals who make an especially meritorious contribution to the security or national interests of the United States, world peace, cultural or other significant public or private endeavors. Dr. Yunus will receive the award August 12 in Washington D.C. at the White House. A Nobel Laureate, Dr. Yunus studied Economics at Vanderbilt University in 1965 as a Fulbright scholar.

=====

‘প্রেসিডেন্শিয়াল মেডাল অব ফ্রিডম’ জয়ী হওয়ায় ডঃ মুহাম্মদ ইউনুসকে অভিনন্দন জানালেন রাষ্ট্রদূত মরিয়ানি

ঢাকা, ৯ই আগস্ট -- যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়ানি আজ ডঃ মুহাম্মদ ইউনুসের সাথে তার ঢাকাস্থ গ্রামীণ ব্যাংকের কার্যালয়ে সাক্ষাৎ করেন। ডঃ ইউনুস যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত ‘মেডাল অব ফ্রিডম’ পদকের জন্য মনোনীত হওয়ায় রাষ্ট্রদূত তাকে অভিনন্দন জানান। গত ৩০শে জুলাই প্রেসিডেন্ট বারাক ওবামা ঘোষণা করেন যে, ডঃ ইউনুস অপর ১৬ জনের সাথে এই পুরস্কার লাভ করেছেন যা যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ নাগরিক সম্মাননা। ‘মেডাল অব ফ্রিডম’ সেই সকল ব্যক্তিবর্গকে দেয়া হয় যারা যুক্তরাষ্ট্রের নিরাপত্তা অথবা জাতীয় স্বার্থ, বিশ্ব শান্তি, সংস্কৃতি অথবা অন্য কোন তাৎপর্যপূর্ণ সরকারি অথবা বেসরকারি উদ্যোগে বিশেষভাবে প্রশংসার যোগ্য অবদান রাখেন। আগামী ১২ই আগস্ট ওয়াশিংটন ডি.সি. তে হোয়াইট হাউজে তিনি এই পুরস্কার গ্রহণ করবেন। নোবেল পুরস্কার বিজয়ী ডঃ মুহাম্মদ ইউনুস ১৯৬৫ সালে একজন ফুলব্রাইট স্কলার হিসেবে যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিষয়ে অধ্যয়ন করেন।

=====